R. N. No. 2532/57　　Phone No. 66-228, STD 03483　　Regd. No.—WB/MSD—4

V. I. P.
ALFA স্যুটকেস
এখন তিন বছরের
গ্যারাণ্টিতে পাচ্ছেন
অনুমোদিত ডিলার ঃ
প্রভাত ষ্টোর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )
ফোন ঃ ৬৬০৯৩

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গত **শরৎচন্দ্র পণ্ডিত** ( দাদাঠাকুর )

উপহারে দেবেন
বাড়ীর ব্যবহারে নেবেন
হকিন্স প্রেসার কুকার
সব থেকে বিক্রী বেশি
অনুমোদিত ডিলার ঃ
প্রভাত ষ্টোর
দুলুর দোকান
রঘুনাথগঞ্জ দরবেশপাড়া

৮৩শ বর্ষ
১১শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ৮ই শ্রাবণ বুধবার, ১৪০৩ সাল।
২৪শে জুলাই, ১৯৯৬ সাল।
নগদ মূল্য ঃ ৭৫ পয়সা
বার্ষিক ৩০ টাকা

## বাড়ীর মেয়েদের উপর হামলার অভিযোগে ওসির বিরুদ্ধে আদালতের সমন

রঘুনাথগঞ্জ ঃ খবর গত ১১ জুলাই জঙ্গিপুরের এস ডিজেএম সি. আর. ১৮২/৯৬ নং মোকর্দমার পরিপ্রেক্ষিতে স্থানীয় থানার ওসি প্রবীর রায়কে আগামী ২৮ আগষ্ট আদালতে হাজির হবার সমন জারী করেছেন। ঘটনার বিবরণে জানা যায় গত ৯ ও ১০ জুলাই রাত ১২টা থেকে ভোর রাত পর্যন্ত এই থানার লালখাঁনদিয়ার গ্রামে পর পর ছয়টি বাড়ীতে ওসি প্রবীর রায় সশস্ত্র পুলিশ নিয়ে হামলা চালান। সে সময় বাড়ীতে কোন পুরুষ মানুষ ছিলেন না। ওসি লাথি মেরে দরজা খুলতে বাধ্য করেন বলে খবর। বাড়ীর মেয়েদের মারধোর ও অশ্লীল গালাগাল করার অভিযোগ এনেছেন মেয়েরা। শুধু তাই নয়, বাড়ীর আসবাবপত্র ভাঙচুর ও জিনিষপত্র তছনছ করা হয়েছে। খাবার জিনিষে কেরে সিন ঢেলে নষ্ট করা হয় বলে অভিযোগ ( ২য় পৃষ্ঠায় )

## ডাকঘরে ই ডি বি পি এম নিয়োগ নিয়ে ব্যাপক দুর্নীতির অভিযোগ

নিজস্ব সংবাদদাতা ঃ রঘুনাথগঞ্জ প্রধান ডাকঘরের অধীন ধুলিয়ান ডাকঘরের অন্তর্গত বেশ কিছু শাখা গ্রাম্য ডাকঘরে ই ডি বি পি এম নিয়োগকে কেন্দ্র করে ব্যাপক দুর্নীতির অভিযোগ উঠেছে। পদপ্রার্থীরা জানাচ্ছেন ফারাক্কা এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে নিয়োগের ব্যবস্থা হয়। এক্সচেঞ্জ নির্দ্ধারিত নামের একটি তালিকা ডাক বিভাগের ডিভিসন্যান সুপারের অফিসে পাঠিয়ে দেন যথারীতি। আবেদনকারী যোগ্য প্রার্থীদের ইন্টারভিউ-এ ডাকেন সুপার। কিন্তু ইন্টারভিউ-এর পর আইন ভঙ্গ তাঁদের খুশীমত প্রার্থী নির্বাচিত করেছেন ডাক বিভাগ বলে অভিযোগ। ধুলিয়ানের লালপুর ডাকঘরের জনৈকা মহিলা প্রার্থী অভিযোগ করেন তাঁর হায়ার সেকেণ্ডারী পরীক্ষার নম্বর সমস্ত প্রার্থীর চেয়ে বেশী থাকা সত্ত্বেও তাঁকে নিয়োগপত্র দেওয়া হয়নি। এ ব্যাপারে টাকার খেলা চলেছে ( ২য় পৃষ্ঠায় )

## অরঙ্গাবাদ স্বাস্থ্যকেন্দ্র বন্ধ করে রেখেছেন ভারপ্রাপ্ত ডাক্তারবাবু

বিশেষ সংবাদদাতা ঃ অরঙ্গাবাদ এস এইচ সি এর সঙ্গে বর্তমানে বন্ধ হয়ে থাকা দুটি ব্লক পি এইচ সি মহেশাইল ও বাজেগাজিপুর একত্রে একই সরকারী ভবনে অরঙ্গাবাদে কাজ চালাচ্ছিল। গত ১৯ ফেব্রুয়ারী থেকে অরঙ্গাবাদ এস এইচ সি-এর ডাক্তার বিক্রম রায়কে কেন্দ্র করে নানান গণ্ডগোল হয় এবং নাগরিক কমিটি এই নিয়ে আন্দোলনে নামে। সেই পরিপ্রেক্ষিতে গত ২২ ফেব্রুয়ারী ডেপুটি সি এম ও এইচ এবং পরে ৪ মার্চ সি এম ও এইচ উপস্থিত হয়ে মীমাংসা করে দিয়ে যান। নাগরিক কমিটির অভিযোগ গত ১৭ ফেব্রুয়ারী থেকে হাসপাতালের বহিঃবিভাগ ও জরুরী বিভাগ কোন কাজই হয় না। হাসপাতালের ডাক্তার বিক্রম রায় কোন ডিউটি করেন না বলে অভিযোগ উঠে। এমন কি বন্যার সময়ও তিনি এখানে ছিলেন না, কোন কাজও করে নি। সি এম ও এইচ ( ২য় পৃষ্ঠয় )

## ডোনেশন নিয়ে শিক্ষক নিয়োগের বিরুদ্ধে প্রধান শিক্ষক, সম্পাদক ও হেড ক্লার্কের বিরুদ্ধে মামলা

বিশেষ সংবাদদাতা ঃ গত ১৮ জুলাই জঙ্গিপুর এস ডি জে এম কোর্টে ডোনেশন নিয়ে সমসেরগঞ্জ থানার চচণ্ড-বাসুদেবপুর-জালালদীপুর হাইস্কুলে শিক্ষক নিয়োগের বিরুদ্ধে নিয়োগ কর্তাদের আসামী করে এক মামলা দায়ের করা হয়। এই মামলার বাদী বাসুদেবপুরের জনৈক কল্যাণকুমার চৌধুরী। তাঁকে বঞ্চিত করার অভিযোগে (শেষ পৃষ্ঠায়)

## লালখাঁনদিয়ারে আবার অশান্তি গুলিতে দু'জন জখম

নিজস্ব সংবাদদাতা ঃ গত ১৮ জুলাই সকালে রঘুনাথগঞ্জ ২নং ব্লকের লালখাঁনদিয়ার গ্রামে কংগ্রেস ও সিপিএম সমর্থকদের মধ্যে গোলমালকে কেন্দ্র করে দু'দলে বোমাবাজি শুরু হয়। গুলিও চলে বলে সন্দেহ করা হচ্ছে। সিপিএম সমর্থক পাতান সেখ (২৭) ও কংগ্রেস সমর্থক আলতাব সেখ (২৪) গুলিতে জখম হন বলে খবর। পাতানের পেটে ও আলতাবের ডান হাতে (শেষ পৃষ্ঠায়)

## বিচারকের দুর্ব্যবহারের প্রতিবাদে আইনজীবীদের কোর্ট বয়কট

রঘুনাথগঞ্জ ঃ গত ২২ জুলাই থেকে স্থানীয় আইনজীবীরা প্রথম মুন্সেফ চপলকুমার পাণ্ডার দুর্ব্যবহারের প্রতিবাদে তাঁর কোর্ট বয়কট করেন এবং ব্যবস্থা গৃহীত না হওয়া পর্যন্ত এই বয়কট চালানো হবে বলে বার এ্যাসোসিয়েশন সিদ্ধান্ত নেন। এই ঘটনার পরিপ্রেক্ষিতে ২৩ জুলাই জেলা জজ উভয় পক্ষের মধ্যে সমঝোতার জন্য এখানে আসেন। আইনজীবীরা মুন্সেফের বদলীর (শেষ পৃষ্ঠায়)

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?
শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পরিষ্কার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।।
সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

৮ই শ্রাবণ বুধবার, ১৪০৩ সাল।

## ।। 'হবে তা সহিতে—' ।।

কেন্দ্রীয় সরকার ডিজেল, পেট্রোল ও রান্নার গ্যাসের দাম বাড়াইয়া দিয়াছে। হঠাৎ করিয়া ইহাদের দাম এমন বাড়ান হইয়াছে, যাহার জন্য দেশের সর্বত্র একটা আলোড়ন পড়িয়া গিয়াছে। কেন্দ্রে যুক্তফ্রন্ট সরকার শাসনক্ষমতা লাভের অব্যবহিত পরেই এমন চমকপ্রদ একটা পদক্ষেপ লইয়াছে।

জ্বালানী তেল ও রান্নার গ্যাসের দাম বাড়ানর জন্য পূর্বতন কংগ্রেস সরকারকে বর্তমান কেন্দ্রীয় সরকার দায়ী করিয়াছে। বলা হইয়াছে যে, ডিজেল, পেট্রোল ও রান্নার গ্যাস সম্বন্ধে প্রাক্তন কংগ্রেস সরকার যে নীতি গ্রহণ করিয়াছিল, তাহার ফলে বহু কোটি টাকা সরকারের ঘাটতি চলিতেছিল। মাত্রাটা এত অস্বাভাবিক হইয়া দাঁড়ায় যে, ইহার প্রতিকার করা অবশ্যম্ভাবী হইয়া পড়িয়াছিল। সেইজন্য বর্তমান সরকার ইহাদের দাম বাড়াইতে বাধ্য হইয়াছে।

বর্তমান জীবনযাত্রায় ডিজেল প্রধান ভূমিকা গ্রহণ করিয়াছে। রেল, লঞ্চ, জাহাজ, কলকারখানা, বাস, লরি, পাম্পিং সেট ইত্যাদি চালাইতে ডিজেলের অবশ্যই প্রয়োজন। যাত্রীপরিবহন, মালপত্রপরিবহন, সেচকার্য প্রভৃতির জন্য পূর্বে যে খরচ হইত, ডিজেলের দাম বাড়ায় সেই খরচ আরও বৃদ্ধি পাইবে। ইহার অনিবার্যতাস্বরূপ রেলভাড়া, বাসভাড়া অবশ্য বাড়িয়া যাইবে আর পণ্যসামগ্রী পরিবহনের খরচা বৃদ্ধি পাইলে ভোগ্যপণ্য ও অন্যান্য পণ্যাদির দাম আরও বাড়িবে। পেট্রোলের দাম বাড়ায় পেট্রোলিয়মজাত জিনিসপত্রের দাম পূর্বাপেক্ষা বৃদ্ধি পাইবে তাহাতে সন্দেহ নাই।

রান্নার গ্যাসের দরও আকাশচুম্বী হইয়া উঠিতেছে। আজকাল অধিকাংশ মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত পরিবারে রন্ধনকার্যে জ্বালানী হিসাবে গ্যাস ব্যবহার করা হইতেছে। কয়লার দাম দিনের দিন বাড়িয়া যাইতেছে। তাহা ছাড়া শহরাঞ্চলে বসতবাড়ীসমূহে বিশেষতঃ ভাড়া বাড়ীতে কয়লা জ্বালাইয়া রান্না করার যথেষ্ট অসুবিধা। বহুতল আবাস-গৃহে কয়লা পুড়াইলে ধোঁয়ায় চারিদিক এমন আচ্ছন্ন হইয়া যায় যে, তাহাতে আর সকলের অবর্ণনীয় অসুবিধার সৃষ্টি হয়। একে ত শহরাঞ্চলে আবদ্ধ বায়ু; তাহার উপর কয়লার ধোঁয়ায় চারিদিক ছয়লাপ হইলে কী অবস্থার সৃষ্টি হয়, তাহা সহজেই অনুমেয়।

ইহা ছাড়াও অনেক ক্ষেত্রেই গৃহকর্তা ও গৃহকর্ত্রী চাকুরী করায় গ্যাসে রান্নায় সময়েরও সাশ্রয় হয়। কয়লা ছাড়া কাঠ জ্বালানী দুষ্প্রাপ্য হইতেছে। তাই পল্লীগ্রামেও গ্যাসের ব্যবহার চালু হইয়াছে। সুতরাং গ্যাসের দাম বাড়াইলে সরকারের ভাণ্ডারে বর্দ্ধিত মূল্যের দরুণ মোটা অঙ্কের টাকা জমা পড়িবে সন্দেহ নাই।

কিন্তু মধ্যবিত্ত, বিশেষতঃ নিম্নমধ্যবিত্ত মানুষদের যে অসুবিধা অর্থাৎ আর্থিক অসুবিধায় পড়িতে হইবে, তাহার কথা ভাবিবার কেহ নাই। ডিজেলের দাম বাড়ায় ভোগ্যপণ্যাদি কিনিতে এই শ্রেণীর মানুষ হিমসিম খাইবেন; তদুপরি রান্নার গ্যাসের দাম অস্বাভাবিক বৃদ্ধি পাওয়ার ফলে তাঁহাদের দিশাহারা অবস্থা হইবে। যুক্তফ্রন্ট সরকার খুব বুদ্ধি করিয়াই জ্বালানীর দাম বাড়াইয়াছে দর বাড়িলেও নিত্যব্যবহার্য পণ্যাদি কিনিতেই হইবে আপামর সাধারণকে। রান্নার গ্যাস বাতিল করিয়া কয়লায় ও কাঠে ফিরিয়া যাইবার উপায় নিম্নমধ্যবিত্ত যাহারা দেশে সংখ্যাগরিষ্ঠ, খুঁজিয়া পাইবেন না। অতএব সবই সহ্য করিতে হইবে। ডিজেলের দাম ১৫% কমান হইলেও পেট্রোল ও রান্নার গ্যাসের দাম কমিবে না। সরকারের এই ঘোষণা যে কতখানি মর্মদাহী, তাহা ভুক্তভোগী বুঝিবেন।

### ওসির বিরুদ্ধে আদালতে সমন

( ১ম পৃষ্ঠার পর )

উঠেছে। এই ঘটনার পরিপ্রেক্ষিতে দেলেরা বিবি, আসমানী বিবি, জ্যোৎস্না বিবি, কোহিনূর বিবি, সালমা বিবি ও সেন্টু সেখ রঘুনাথগঞ্জ থানার ওসি প্রবীর রায়ের বিরুদ্ধে স্থানীয় জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কোর্টে ছয়টি মোকর্দমা দায়ের করেছেন। গত ১১ ও ১২ জুলাই সি আর ১৮৩/৯৬, ১৮৯/৯৬, ১৮২/৯৬, ১৮৪/৯৬, ১৮৫/৯৬, ১৯০/৯৬ মামলাগুলি রুজু করা হয়। এগুলিতে ধারা আনা হয়েছে ১৪৭/৪৪০/৪২৭/৩২৩/৫০৬ ও ৩৫৪। এই ঘটনার পর এবং আদালতের সমনজারী হওয়া সত্ত্বেও গত ১৪ জুলাই গভীর রাতে পুনরায় জঙ্গিপুরের এসডিপিও পুলিশবাহিনী নিয়ে উক্ত মোকর্দমার বাদী ও সাক্ষীদের বাড়ী থেকে তুলে থানায় নিয়ে আসেন। দু'মাসের এক বাচ্চা সমেত মাও এ থেকে রেহাই পাননি বলে খবর। পুলিশ তাঁদের উপর মামলা তুলে নিতে নাকি চাপ সৃষ্টি করে এবং মামলা তুলে না নিলে তাদের আরও নানান অভিযোগে জড়িয়ে দেওয়া হবে বলে ভয় দেখানোও হয়। স্থানীয় কংগ্রেস সূত্রে জানা যায় জঙ্গিপুরের বিধায়ক হাবিবুর রহমান মহকুমা পুলিশ প্রশাসক ও জেলা পুলিশ সুপারের সঙ্গে কথা বলে প্রদেশ কংগ্রেস সভাপতি সোমেন মিত্র ও বিধানসভার বিরোধী দলনেতা অতীশ সিংহের কাছে সব ঘটনা জানিয়ে যথাযথ ব্যবস্থা নিতে কলকাতা গেছেন। পুলিশের এই অনৈতিক অত্যাচারের বিষয় বিধানসভায় তুলে পুলিশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণও নাকি করিবেন।

### ব্যাপক দুর্নীতির অভিযোগ

( ১ম পৃষ্ঠার পর )

বলে তিনি অভিযোগ করেন। তিনি জানান গত ২১ মে সুপারের A 232 মেমো অনুযায়ী ১৬ জন প্রার্থীকে গত ১২ জুন নথিপত্রসহ সাক্ষাতের জন্য ডাকা হয়। ডাক বিভাগের পোষ্ট মাষ্টার জেনারেলের মেমো পি, এম, জি (এইচ) এস, পি, সি/ই, ডি, আর, এল, জি/১ তাং কলি ১৪-১২-৯২ অনুযায়ী সামান্য জায়গা আছে এমন প্রার্থীদের মধ্যে উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় সর্বাধিক নম্বর প্রাপ্তকে নিয়োগ করার বিধান ঘোষিত আছে। সেক্ষেত্রে আবেদনকারিণী কল্পনা সরকার (পাল) হায়ার সেকেণ্ডারীতে ৫৩৩ নম্বর (১৬ জনের মধ্যে সর্বাধিক নম্বর) পাওয়া সত্ত্বেও তাঁকে বঞ্চিত করে জনৈকা রুমিলা খাতুনকে (স্বামী রফিকুল ইসলাম) নিয়োগ করা হয়। তিনি এই বেনিয়মের প্রতিবাদে সুপারকে উকিলের নোটিশ দিয়ে এই নিয়োগের যুক্তি জানতে চেয়েছেন বলে খবর। অপরদিকে আর একটি দুর্নীতির খবর পাওয়া গেছে ঐ ডাকঘরের অধীন চকশাপুরের ই ডি বি পি এম নিয়োগকে কেন্দ্র করে এ ক্ষেত্রে এক অভিনব জালিয়াতির খবরে স্থানীয় মানুষ ডাক বিভাগের কর্মকাণ্ডে হতবাক। এ ক্ষেত্রেও যথারীতি যোগ্য প্রার্থীদের ইন্টারভিউ ডাকা হয়। কিন্তু অভিনব ঘটনা সেই সাক্ষাৎকারের চিঠিতে যে তারিখ অফিস ফাইলে দেখা যায় তা একমাত্র প্রাক্তন বিপিএমের জনৈক আত্মীয়ের চিঠিতেই ঠিক আছে। অন্য প্রার্থীদের চিঠিতে নাকি ঐ তারিখ পাল্টিয়ে অন্য তারিখ বসানো হয়েছে। ফলে প্রকৃত ইন্টারভিউ এর দিন একজনই হাজির হন। এ জালিয়াতি ধরা পড়ে পরবর্তী তারিখে যখন অন্যরা হাজির হন তখন। শোনা যাচ্ছে এ ব্যাপারে ডাক সুপার তদন্তের আদেশ দিয়েছেন এবং তদন্ত চলছে।

### অরঙ্গাবাদ স্বাস্থ্য কেন্দ্র

( ১ম পৃষ্ঠার পর )

হাসপাতাল চালু রাখার কথা বলে গেলেও স্থানীয় মানুষজন হাসপাতালে গিয়ে দেখেন অবস্থার কোন উন্নতি হয়নি এবং কোন চিকিৎসার ব্যবস্থা হয়নি। (শেষ পৃষ্ঠায়)

# মুর্শিদাবাদ কো-অপারেটিভ ল্যাণ্ড ডেভেলপমেণ্ট ব্যাঙ্ক লিমিটেড

## প্রতিনিধি নির্ব্বাচন

### বিজ্ঞপ্তি

এতদ্বারা মুর্শিদাবাদ কো-অপারেটিভ ল্যাণ্ড ডেভলপমেণ্ট ব্যাঙ্ক লিমিটেড-এর সদস্যগণকে জানানো যাইতেছে যে, সম্প্রতি "মুর্শিদাবাদ হিতৈষী," "নিউ স্পোর্টসম্যান," "জনমত" ও "গণকণ্ঠ" পত্রিকা-গুলিতে যথাক্রমে ২৯-৬-৯৬, ১-৭-৯৬, ৬-৭-৯৬ ও ৩০-৬-৯৬ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী ব্যাঙ্কের বহরমপুর, বেলডাঙ্গা ও রঘুনাথগঞ্জ কেন্দ্রগুলিতে প্রতিনিধি নির্বাচনের জন্য ২৮-৭-৯৬ তারিখ নির্দ্ধারিত হইয়াছিল। ইতিমধ্যে রঘুনাথগঞ্জ কেন্দ্রের দুইজন প্রার্থীর মধ্যে একজন প্রার্থী পরলোকগমন করায় উক্ত কেন্দ্রের নির্বাচন স্থগিত রাখা হয়। উক্ত রঘুনাথগঞ্জ কেন্দ্রে প্রতিনিধি নির্বাচনের জন্য ১৮-৮-৯৬ তারিখে সকাল ১১টা থেকে বিকাল ৩টে পর্যন্ত নিম্নলিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী ভোটগ্রহণ করা হইবে।

ব্যাঙ্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত ভোটার লিষ্টে উল্লেখিত সদস্য-গণকে সদস্য পরিচয়পত্র সংগ্রহ করিয়া নির্দ্ধারিত সময়ে উক্ত নির্বাচনে অংশ গ্রহণ করিবার জন্য আহ্বান জানানো যাইতেছে।

### নির্বাচনী বিজ্ঞপ্তি

(ক) ***ভোট গ্রহণের তারিখ ঃ ১৮-৮-৯৬*** — ***সময় ঃ সকাল ১১টা থেকে বিকাল ৩টা পর্যন্ত***

#### সমিতির "ক" (এ) শ্রেণীর সদস্য

| ক্রমিক নং | নির্বাচন কেন্দ্র | এলাকা/ব্লকের নাম | ভোট গ্রহণের স্থান | প্রতিনিধি সংখ্যা যাহা লিখিতে হইবে |
|---|---|---|---|---|
| ১ | রঘুনাথগঞ্জ | রঘুনাথগঞ্জ ১নং ও ২নং, সুতী ১নং ও ২নং, ফরাক্কা ও সমসেরগঞ্জ | রঘুনাথগঞ্জ ক্যাম্প অফিস | ১ (এক) |

(খ) ***ভোটারলিষ্ট প্রকাশন ঃ*** স্থান—হেড অফিস ও রঘুনাথগঞ্জ ক্যাম্প অফিসের নোটিশ বোর্ড তারিখ—২-৮-৯৬

(গ) ***সদস্য পরিচিতিপত্র প্রদান ঃ*** স্থান—রঘুনাথগঞ্জ ক্যাম্প অফিস — ২-৮-৯৬ তারিখ থেকে ১২-৮-৯৬ তারিখ, সকাল ১১টা থেকে বিকাল ৩টা পর্যন্ত (অফিস চলাকালে)

(ঘ) ***মনোনয়নপত্র প্রদান ঃ*** ( x form অনুযায়ী ) — ২-৮-৯৬ ও ৩-৮-৯৬ তারিখে হেড অফিস থেকে সকাল ১১টা হইতে বিকাল ৩টা পর্যন্ত মনোনয়নপত্র দেওয়া হইবে।

(ঙ) ***মনোনয়নপত্র দাখিল ঃ*** ( x form অনুযায়ী ) — ৫-৮-৯৬ ও ৬-৮-৯৬ তারিখে ব্যাঙ্কের হেড অফিসে সকাল ১১টা থেকে বিকাল ৩টা পর্যন্ত মনোনয়নপত্র জমা লওয়া হইবে।

(চ) ৮-৮-৯৬ তারিখে বেলা ১১টা থেকে বিকাল ৩টা পর্যন্ত হেড অফিসে মনোনয়নপত্র পরীক্ষা করা হইবে ও নির্বাচনী প্রতীক বন্টন করা হইবে। পরীক্ষান্তে হেড অফিসের নোটীশ বোর্ডে যোগ্য প্রার্থী তালিকা প্রকাশিত ও টাঙ্গানো হইবে।

(ছ) ৯-৮-৯৬ তারিখে বিকাল ৩টার পূর্ব পর্যন্ত মনোনয়নপত্র প্রত্যাহার করা যাইবে।

(জ) ৯-৮-৯৬ তারিখ বিকাল ৩টার পর চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশিত ও হেড অফিসের নোটীশ বোর্ডে টাঙ্গানো হইবে।

(ঝ) ***ভোট গণনা ঃ*** ভোটগ্রহণ কেন্দ্রে, ভোটগ্রহণের পর ভোট গণনা করা হইবে।

(ঞ) ***ভোটের ফলাফল প্রদান ঃ*** তারিখ—১৮-৮-৯৬
ভোট গণনার ফল পাওয়ার পর নির্বাচন আধিকারিক কর্তৃক, হেড অফিসে নির্বাচিত প্রতিনিধিগণের নাম ঘোষণা করা হইবে এবং তালিকা নোটীশ বোর্ডে টাঙ্গানো হইবে।

**নির্বাচন বিষয়ে প্রয়োজনে নির্বাচন আধিকারিকের সহিত যোগাযোগ করিতে পারিবেন।**

তারিখ - ১৭-৭-৯৬

***স্বাঃ প্রভাসচন্দ্র বসু***
**সমবায় উন্নয়ন আধিকারিক, মুর্শিদাবাদ**
**ও**
**নির্বাচন আধিকারিক**

**হেড ক্লার্কের বিরুদ্ধে মামলা** ( ১ম পৃষ্ঠার পর )

এই মামলা। আসামী করা হয়েছে প্রধান শিক্ষক মহঃ ইমন আলী, সম্পাদক আবুল সেখ, স্কুল কমিটির সদস্য ও ক্লার্ক মহঃ সাজাহান, ডোনেশন প্রদানকারী মঙ্গল সরকার ও টাকা পয়সা লেনদেনের মাধ্যমকারী ওবাইদুর রহমানকে। অভিযোগ বিবেচনা করে জঙ্গিপুরের মাননীয় এস ডি জে এম বি. কে. চক্রবর্তী আসামীদের ১৯৮ সি/৯৬ নং মোকর্দমায় তলবী নোটিশ দিয়েছেন। মামলাটি পরিচালনা করেন এ্যাডভোকেট মৃণাল ব্যানার্জী। তাঁকে সাহায্য করেন সহকারী এ্যাডভোকেট অপূর্ব রায় ও এ্যাডভোকেট পার্থসারথী রায়। উল্লেখ্য এই ধরনের মোকর্দমা জঙ্গিপুর মহকুমায় এই প্রথম বলে এ্যাডভোকেট সূত্রে জানা যায়।

**গুলিতে দু'জন জখম** ( ১ম পৃষ্ঠার পর )

গুলি লাগে। দু'জনকে জঙ্গিপুর হাসপাতালে পাঠানো হলে, পাতানকে বহরমপুরে স্থানান্তরিত করা হয়। সিপিএমের অভিযোগে ১১ জনকে ও কংগ্রেসের অভিযোগে ৪ জনকে পুলিশ গ্রেপ্তার করে। এই ঘটনার পর পুলিশ পুনরায় গ্রামের দু' জায়গায় ক্যাম্প বসিয়েছে। গ্রামের আবহাওয়া থমথমে। ২০ জুলাই লালখাঁনদিয়ারে কংগ্রেসী সন্ত্রাসের বিরুদ্ধে সিপিএম এক বিশাল বিক্ষোভ মিছিল বার করে।

**আইনজীবীদের কোর্ট বয়কট** ( ১ম পৃষ্ঠার পর )

দাবীতে অটল আছেন বলে খবর। উল্লেখ্য, কয়েক মাস আগেও একই ধরনের ব্যবহারে ১ম মুন্সেফ কোর্ট আইনজীবীরা বয়কট করেন। সে সময় জেলা জজের মৌখিক অনুরোধে বয়কট তুলে নেওয়া হয়েছিল।

**ভারপ্রাপ্ত ডাক্তারবাবু** ( ২য় পৃষ্ঠার পর )

বাধ্য হয়ে জগতাই গ্রাম পঞ্চায়েত প্রধান বিডিও সুতী ২ নং কে সমস্ত ঘটনা জানিয়ে প্রতিকার দাবী করেন। তাঁরা সিএমও এইচকেও এ ব্যাপারে অবহিত করেন। ঐ চিঠি দুটির মেমো নং J II 59 (2) Dt. 20-2-96 এবং J II 58 (4) Dt. 19-2-96. এই চিঠির অনুলিপি মহকুমা শাসক, এস ডি এম ও জঙ্গিপুর এবং সুতী থানায় পাঠানো হয়। গত ৪ মার্চ সি এম ও এইচ এর সঙ্গে নাগরিক কমিটির আলোচনায় স্থির হয় যে ডাঃ অর্জুন দাস অরঙ্গাবাদ পি এইচ সিতে কর্মরত থাকবেন। ডাঃ বিক্রম রায় শুধুমাত্র ড্রয়িং এণ্ড ডিসবারসিং অফিসারের দায়িত্বে থাকবেন। যাঁরা এই হাসপাতাল বন্ধের জন্য দায়ী তাঁদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। ওষুধপত্র ঠিকমত রাখার ব্যবস্থা হবে। বেলা ৯টা থেকে দুপুর ১টা ৩০ মিঃ পর্যন্ত আউটডোরে কাজ চলবে। শেষ রোগীটিকে দেখতে যদি এর বেশী সময় আউটডোর খোলা রাখতে হয় তাও রাখতে হবে। গত ১৬ মার্চ ডাঃ অর্জুন দাস এর সঙ্গে নাগরিক কমিটির এক সমঝোতা হয় তাতে ডাঃ অর্জুন দাস লিখিতভাবে জানান যে বাজে গাজিপুর ও মহেশাইল পি এইচসির যাবতীয় কাজ বন্ধ রাখা হবে এবং শুধুমাত্র অরঙ্গাবাদ পিএইচসির আউটডোর খোলা থাকবে। এই মত কাজ চলছিল। কিন্তু অভিযোগ ওঠে যে অর্জুন দাস আউটডোরে রোগী দেখতে ফিজ নিচ্ছেন। এই অভিযোগ পেয়ে জগতাই গ্রাম পঞ্চায়েত প্রধান সামশুল আলম ১৫ জুন হাসপাতালে যান ও ডাঃ দাসকে এ সম্বন্ধে কি ঘটনা তা জানতে চান। তাতে ক্ষুব্ধ হয়ে ডঃ দাস আলমকে অপমানজনক ভাষায় কথা বলেন। সামশুল এই ব্যবহারের প্রতিবাদ করলে উভয়ের মধ্যে বচসা বাধে। ১৫ জুন ডাঃ অর্জুন দাস প্রধানের বিরুদ্ধে তাঁকে অপমান ও আঘাত করা হয়েছে এই মর্মে সুতী থানায় এক এফ আই আর করেন ও হাসপাতালের চিকিৎসা বন্ধ করে দেন। শ্রীআলম এই ঘটনা জানতে পেরে ১৭ জুলাই মহকুমা শাসকের কাছে এক আবেদনপত্র পাঠিয়ে জানান ডাঃ দাসের সঙ্গে তাঁর যে সামান্য গোলমাল হয় তা গ্রামস্থ সাতজন সম্মানিত ব্যক্তির মাধ্যমে মিটমাট হয়ে যায় উক্ত ১৫ জুন তারিখেই। সেই সোলেনামার একটি প্রতিলিপিও তিনি মহকুমা শাসককে জমা দেন। ঘটনা সম্পূর্ণ তদন্ত করে হাসপাতালটি পুনরায় চালুর ব্যবস্থা করতে দাবী জানান।

---

**হারাইয়াছে**

আমার নিউ ক্রোকারী ষ্টোর্সের একটা ব্ল্যাঙ্ক রোড পারমিট (নং ৭০৮৯৬৩ এ) হারিয়ে গেছে। কোন ব্যক্তি পারমিটটি পেয়ে থাকলে নিম্ন ঠিকানায় যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে।

আব্দুল হান্নান, নিউ ক্রোকারী ষ্টোর্স
উমরপুর, পোঃ ঘোড়শালা ( মুর্শিদাবাদ )

---

**হারাইয়াছে**

গত ২২-৭-৯৬ আমার তপশীলি সার্টিফিকেটটি হারিয়ে গেছে। যদি কেউ পেয়ে থাকেন, দয়া করে ফেরৎ দিলে কৃতজ্ঞ থাকব।

নীতীশ রবিদাস, বিশ্বকর্মা প্রেস
রঘুনাথগঞ্জ ফুলতলা অথবা জঙ্গিপুর সংবাদ অফিস

---

**বাগান বিক্রয়**

জঙ্গিপুর হাই মাদ্রাসার (মার্কেট) পার্শ্বে একটি পুকুর সমেত পৌনে সাঁইত্রিশ শতক ফলের বাগান বিক্রী হবে।

যোগাযোগের ঠিকানা—
মহঃ মহসিন আলি, গোফুরপুর বরোজ
পোঃ জঙ্গিপুর, থানা রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

---

**বিশেষ আকর্ষণ ঃ** বিভিন্ন ডিজাইনের পছন্দ ও টেকসই **কোবরা** ছাপা শাড়ী।

আর কোথাও না গিয়ে
আমাদের এখানে অফুরন্ত
সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা
ষ্টিচ করার জন্য তসর থান,
কোরিয়াল, জামদানী জোড়,
পাঞ্জাবীর কাপড়, মুর্শিদাবাদ
পিওর সিল্কের প্রিন্টেড
শাড়ীর নির্ভরযোগ্য
প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য
পরীক্ষা প্রার্থনীয়।



**বাঘিড়া ননী এণ্ড সন্স**

**মির্জাপুর ॥ গনকর**

ফোন নং ঃ গনকর ৬২০২৯

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।